

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় রাজস্ব বোর্ড  
রাজস্ব ভবন  
প্লট-এফ ১/এ, আগারগাঁও, শেরেবাংলা নগর  
ঢাকা-১২০৭।  
[ মুসক আইন ও বিধি শাখা ]

নথি নং- ০৮.০১.০০০০.০৬৮.১৭.০০২.১২/০২

তারিখঃ ১৯ পৌষ, ১৪৩০ বঙ্গাব্দ।  
০৩ জানুয়ারী, ২০২৪ খ্রিষ্টাব্দ।

বিষয়ঃ শতভাগ রপ্তানিকারক, শতভাগ প্রচ্ছন্ন রপ্তানিকারক এবং রপ্তানি প্রক্রিয়াকরণ অঞ্চল (ইপিজেড) এ অবস্থিত প্রতিষ্ঠানের ক্ষেত্রে বন্দর সেবার উপর মুসকের প্রযোজ্যতা।

- সূত্রঃ (১) বিজিএমইএ এর পত্র নং-বিজিএ/কাস/২০২৩/১৪৫৪৯; তারিখ: ০১/১০/২০২৩ খ্রিঃ;  
(২) অভ্যন্তরীণ সম্পদ বিভাগের প্রজ্ঞাপন এসআরও নং-১৮৮-আইন/২০১৯/৪৫-মুসক, তারিখ:১৩/০৬/২০১৯ খ্রিঃ;  
(৩) জাতীয় রাজস্ব বোর্ডের সাধারণ আদেশ নং- ০৯/মুসক/২০২১, তারিখঃ ১১/১১/২০২১ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রতি দৃষ্টি আকর্ষণ করা হলো।


০২। সূত্রোক্ত (১) নং পত্রে উল্লেখ করা হয় যে, সম্প্রতি চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ কর্তৃক রপ্তানিমুখী তৈরি পোশাক শিল্প প্রতিষ্ঠান থেকে বন্দর সেবার বিপরীতে মুসক আদায় করছে। রপ্তানি বাণিজ্যের সক্ষমতা বজায় রাখার নিমিত্ত পোশাক শিল্পের ক্ষেত্রে বন্দর সেবার বিপরীতে মুসক আদায় হতে বিরত থাকার জন্য চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হয়েছে।

০৩। বিষয়টি পর্যালোচনা করে দেখা যায়,

(ক) প্রজ্ঞাপন এস.আর.ও. নং-১৮৬-আইন/২০১৯/৪৩-মুসক, তারিখঃ ১৩ জুন, ২০১৯ খ্রিষ্টাব্দ অনুযায়ী “বন্দর” অর্থ এমন কোনো উন্মুক্ত বা অন্যবিধ স্থান যেখানে আমদানিকৃত বা রপ্তানিযোগ্য যে কোনো পণ্য পণ্যের বিনিময়ে বা অন্য কোনোভাবে মজুদ বা সংরক্ষণের ব্যবস্থা করা হয় এবং উক্তরূপ যে কোনো পণ্য মজুদ বা সংরক্ষণের সহায়ক প্রত্যক্ষ ও পরোক্ষ সকল প্রস্তুতিমূলক কর্মকান্ডসহ মজুদকৃত অথবা সংরক্ষিত উক্তরূপ কোনো পণ্যের নিরাপত্তা স্ক্যানিং সেবাসহ পণ্য চালানোর নিষ্পত্তি বিষয়ক সকল কর্মকান্ড এবং এতদুদ্দেশ্যে পরিচালিত আইসিডি (ICD-Inland Container Depot) এবং সিএফএস (CFS-Container Freight) ও এই সেবার অন্তর্ভুক্ত হইবে।

(খ) প্রজ্ঞাপন এস.আর.ও নং-১৮৮-আইন/২০১৯/৪৫-মুসক, তারিখঃ ১৩/০৬/২০১৯ খ্রিষ্টাব্দ অনুযায়ী মুসক নিবন্ধিত শতভাগ রপ্তানিকারক, শতভাগ প্রচ্ছন্ন রপ্তানিকারক এবং রপ্তানি প্রক্রিয়াকরণ অঞ্চল (ইপিজেড) এ অবস্থিত প্রতিষ্ঠানের ক্ষেত্রে- রপ্তানি পণ্য উৎপাদনে ব্যবহৃত উপকরণ আমদানি ও তৈরি পণ্য উৎপাদনপূর্বক রপ্তানি উভয় পর্যায়ে “বন্দর” সেবাকে অব্যাহতি প্রদান করা হয়েছে।

০৪। বর্ণিতাবস্থায়, প্রজ্ঞাপন এস.আর.ও নং-১৮৮-আইন/২০১৯/৪৫-মুসক, তারিখঃ ১৩/০৬/২০১৯ খ্রিষ্টাব্দ অনুযায়ী মুসক নিবন্ধিত শতভাগ রপ্তানিকারক, শতভাগ প্রচ্ছন্ন রপ্তানিকারক এবং রপ্তানি প্রক্রিয়াকরণ অঞ্চল (ইপিজেড) এ অবস্থিত প্রতিষ্ঠানের ক্ষেত্রে- রপ্তানি পণ্য উৎপাদনে ব্যবহৃত উপকরণ আমদানি ও তৈরি পণ্য উৎপাদনপূর্বক রপ্তানি উভয় পর্যায়ে “বন্দর” সেবা অব্যাহতি প্রাপ্ত। বিষয়টি নির্দেশক্রমে অবহিত করা হলো।



[ মোঃ আমিনুল ইসলাম ]  
দ্বিতীয় সচিব (মুসক আইন ও বিধি)  
ফোনঃ ০২২২২২১৭৭২৫, এক্সঃ ০৭৫৮  
ই-মেইলঃ vatpolicy@gmail.com

✓ প্রাপক:

সভাপতি

বাংলাদেশ গার্মেন্টস ম্যানুফেকচার্স এন্ড এক্সপোর্টারস এ্যাসোসিয়েশন (বিজিএমইএ)

বিজিএমইএ কমপ্লেক্স, হাউজ-৭/৭এ, সেক্টর-১৭, উত্তরা, ঢাকা।

অনুলিপিঃ অবগতির জন্য

- ১। চেয়ারম্যান, বাংলাদেশ বন্দর কর্তৃপক্ষ, বন্দর ভবন, চট্টগ্রাম।
- ২। কমিশনার, বাস্টমস, এক্সাইজ ও জ্যাট কমিশনারেট, চট্টগ্রাম।

[ মোঃ আমিনুল ইসলাম ]  
দ্বিতীয় সচিব (মুসক আইন ও বিধি)